

এমবিবিএসে ভর্তি শুরু ২১ অক্টোবর

নিজস্ব প্রতিবেদক

১৭ অক্টোবর ২০১৯ ০০:০০ | আপডেট: ১৭ অক্টোবর ২০১৯ ০০:১৪



স্বাস্থ্য অধিদপ্তর
আমাদের সময়

মেডিসিন অব ব্যাচেলর অ্যান্ড ব্যাচলর অব সার্জারি (এমবিবিএস) ২০১৯-২০ শিক্ষাবর্ষে দেশের সরকারি ৩৬টি মেডিক্যাল কলেজে ভর্তির জন্য ৪ হাজার ৬৮ জনকে প্রাথমিকভাবে নির্বাচিত করেছে স্বাস্থ্য অধিদপ্তর। নির্বাচিতদের ভর্তি কার্যক্রম আগামী ২১ অক্টোবর থেকে শুরু হয়ে ৩১ অক্টোবর পর্যন্ত চলবে। একই সঙ্গে আরও ৫০০ জনকে রাখা হয়েছে অপেক্ষমাণ তালিকায়। স্বাস্থ্য অধিদপ্তরের এক বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়। জানা গেছে, এমবিবিএস ২০১৯-২০ শিক্ষাবর্ষের ভর্তির পরীক্ষা গত ১১ অক্টোবর অনুষ্ঠিত হয়েছে। লিখিত পরীক্ষার প্রাপ্ত নম্বর, এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার প্রাপ্ত জিপিএ মিলে অর্জিত স্কোরের ভিত্তিতে ৪ হাজার ৬৮ শিক্ষার্থীকে নির্বাচিত করা হয়। এর কোনো আসন শূন্য হলে অপেক্ষমাণ তালিকা থেকে মেধা অনুযায়ী শিক্ষার্থীরা ভর্তির সুযোগ পাবেন।

স্বাস্থ্য অধিদপ্তর সূত্রে জানা গেছে, আগামী ২১ থেকে ৩১ অক্টোবর অফিস চলাকালে কলেজ কর্তৃপক্ষকে অবশ্যই ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। ভর্তিকৃত শিক্ষার্থীদের পরবর্তীতে নীতিমালা অনুযায়ী আবেদনের পরিপ্রেক্ষিতে পর্যায়ক্রমে মাইগ্রেশনের মাধ্যমে অন্য মেডিক্যাল কলেজে বদলি করা হবে। আগামী বছরের ১০ জানুয়ারি থেকে সব মেডিক্যাল কলেজে একযোগে ক্লাস শুরু হবে।

advertisement